ইউনিট ১৬

# জনসংখ্যা শিক্ষা

## ভূমিকা

বর্তমান বিশ্বে জনসংখ্যা সমস্যা একটি বহুল আলোচিত বিষয়। দ্রুত জনসংখ্যা বৃদ্ধির ফলে ব্যক্তি সমাজ, জাতীয় জীবনের সর্বত্র নানাভাবে প্রভাবিত হচ্ছে এবং জাতীয় অগ্রযাত্রা ব্যহত হচ্ছে। এই জনসংখ্যা বৃদ্ধি সম্পর্কিত সমস্যা নিয়ে ষাট দশকের মাঝামাঝি সময় নানা দেশে নানা দৃষ্টি কোন থেকে চিন্তা ভাবনা এবং বিভিন্ন ফোরামে আলোচনা শুরু হয় ফলে এ সমস্যা মোকাবেলা করার জন্য বিশ্ব জনমত গড়ে ওঠে। অন্তর্জাতিক ভাবে এ বিষয়টি সম্পর্কে চিন্তা ভাবনা করে একটি কার্যক্রম গ্রহণের লক্ষ্যে ১৯৭৪ সালে বুখারেষ্টে প্রথম জনসংখ্যা বিষয়ক বিশ্ব সম্মেলন অনুষ্ঠিত হয়। এই সম্মেলনের ঘোষণায় অনুযায়ী বাংলাদেশসহ বিশ্বের বিভিন্ন দেশে স্ব স্ব আর্থসামাজিক ধর্মীয় ও সাংস্কৃতিক পটভূমিতে জনসংখ্যা শিক্ষা প্রবর্তন করে। ১৯৭৬ সালে বাংলাদেশে জনসংখ্যা শিক্ষা চতুর্থ থেকে শুরু করে সাধারণ শিক্ষা ধারায় কয়েকটি বিষয়ে কারিগরি শিক্ষা ধারায় তিনটি বিষয়ে অন্তর্ভুক্ত করা হয় এবং ১৯৮৫ সাল পর্যন্ত চালু থাকে। জনসংখ্যা বিষয়ক দ্বিতীয় বিশ্ব সম্মেলন ১৯৮৪ সালে মেক্সিকো সিটিতে অনুষ্ঠিত হয়। মেক্সিকো সম্মেলন ঘোষনায় যেগুলো বাংলাদেশের আর্থ-সামাজিক, ধর্মীয় মূল্যবোধ ও উন্নয়ন কর্মকাণ্ডে সঙ্গে সামঞ্জস্যপূর্ণ সেগুলোর প্রধান দিক বর্তমান জনসংখ্যা শিক্ষা (১৯৯০-৯৫) প্রকল্পের আওতায় প্রাথমিক স্তরের পরিবেশে পরিচিত সমাজ এবং পরিবেশ পরিচিতি বিজ্ঞান পাঠ্যপুস্তকে অন্তর্ভুক্ত করা হয়েছে। প্রথম ও দ্বিতীয় শ্রেণির জন্য স্যাটেলাইট স্কুল সমীক্ষার মাধ্যমে জনসংখ্যা শিক্ষা সম্বন্ধীয় ছবির বই উদ্ভাবন করা হয়েছে।

এছাড়া প্রকল্পের আওতায় শিক্ষক প্রশিক্ষণ নির্দেশিকা সম্পূরক শিখন সামগ্রী, স্ব-শিখন মড্যুল, উদ্বুদ্ধকরণ সামগ্রী, প্রশ্ন পুস্তিকা, শিক্ষা উপকরণ হিসেবে ছবির চার্ট প্রণয়ন এবং প্রায় ২,২০০,০০ জন শিক্ষককে জনসংখ্যা শিক্ষা বিষয়ে প্রশিক্ষণ দান করা হয়েছে।

এ ইউনিটের বিষয়বস্তুকে আলোচনার সুবিধার্থে তিনটি পাঠে উপস্থাপন করা হয়েছে।


পাঠ- ১: জনসংখ্যা শিক্ষা কি এবং কেন? জনসংখ্যা শিক্ষার প্রয়োজনীয়তা
পাঠ- ২: প্রাথমিক স্তরের বিভিন্ন শ্রেণির জনসংখ্যা শিক্ষার বিষয়বস্তু ও পাঠদান কৌশল
পাঠ- ৩: জনসংখ্যা শিক্ষার সহায়ক শিখন সামগ্রীর পরিচিতি ও ব্যবহার


## পাঠ ১

# জনসংখ্যা শিক্ষা কি এবং কেন? জনসংখ্যা শিক্ষার প্রয়োজনীয়তা

### উদ্দেশ্য

এই পাঠ শেষে আপনি—

- জনসংখ্যা শিক্ষার বিভিন্ন সংজ্ঞা আলোচনা করতে পারবেন;
- জনসংখ্যা শিক্ষার লক্ষ্য ও উদ্দেশ্য ব্যাখ্যা করতে পারবেন;
- জনসংখ্যা শিক্ষার প্রকৃতি ও পরিসর বর্ণনা করতে পারবেন এবং
- জনসংখ্যা শিক্ষার প্রয়োজনীয়তা ব্যাখ্যা করতে পারবেন।



**জনসংখ্যা শিক্ষা কি**

জনসংখ্যা বৃদ্ধির ফলে মানুষের জীবনে অন্ন, বস্ত, বাসস্থান, শিক্ষা, স্বাস্থ্য ব্যবস্থা, জীবনের নিরাপত্তার ক্ষেত্রে প্রকট থেকে প্রকটতর সমস্যার সৃষ্টি হচ্ছে। এ সকল সমস্যা সমাধানের জন্য শিক্ষার ভূমিকা অত্যন্ত গুরুত্বপূর্ণ। এ ধরনের সামাজিক ও জাতীয় সমস্যা নিরসণের প্রেক্ষাপটে শিক্ষাক্ষেত্রে জনসংখ্যা শিক্ষার আবির্ভাব। আর এই জনসংখ্যা শিক্ষা বলতে আমরা কি বুঝব তা নিচের প্যারাগ্রাফে প্রকাশ করা হল:

শিক্ষার মাধ্যমে পরিবার, সমাজ, জাতি ও বিশ্বের পরিস্থিতি সম্বন্ধে শিক্ষার্থীদেরকে সচেতন করে তোলার ভেতর দিয়ে তাদের মধ্যে যুক্তিসঙ্গত ও দায়িত্বপূর্ণ দৃষ্টিভঙ্গি গড়ে তোলার পরিকল্পিত শিক্ষা কার্যক্রমই হল জনসংখ্যা শিক্ষা।

জনসংখ্যা শিক্ষা আবাল বৃদ্ধবণিতার জন্য আর পরিবার পরিকল্পনা হল প্রজননক্ষম নারী পুরুষের জন্য। আর জনসংখ্যা শিক্ষার মাধ্যমে কোন দেশ/অঞ্চলের জনসংখ্যা হ্রাস বৃদ্ধি হলে মানুষের মৌলিক চাহিদার উপর কিরূপ প্রভাব পড়ে, যেমন– যাতায়াত, কর্মসংস্থান, আইন-শৃঙ্খলা, মাথাপিছু আয়, ভূমি, জনসংখ্যার ঘনত্ব, বয়সভিত্তিক জনসংখ্যা ইত্যাদি সবকিছু সম্পর্কে জানা যায়।

**জনসংখ্যা শিক্ষার লক্ষ্য ও উদ্দেশ্য**

জনসংখ্যা শিক্ষার প্রধান প্রধান লক্ষ্য হল:

- জনসংখ্যা শিক্ষার মাধ্যমে জনগণকে সচেতন করে তাদের জীবন যাত্রার গুণগত মান উন্নত করা এবং
- সরকারের জনসংখ্যা সম্পর্কিত নীতি সফল বাস্তবায়নে শিক্ষার মাধ্যমে সহায়তা দান করা। এছাড়া প্রাথমিক শিক্ষা ব্যবস্থার পরিবেশে পরিচিতি বিজ্ঞান বিষয় শিক্ষার মাধ্যমে নিচের উদ্দেশ্যগুলো অর্জন করা সম্ভব হবে বলে আশা করা হচ্ছে।

**জনসংখ্যা শিক্ষার প্রকৃতি ও পরিসর**

জনসংখ্যা শিক্ষা অন্যান্য শিক্ষণীয় বিষয়ের ন্যায় একটি শিক্ষা গ্রহণীয় বিষয়। তবে এই শিক্ষা বিষয়ের প্রকৃতি ও পরিসর অন্যান্য বিষয় থেকে ভিন্নতর। এই শিক্ষার প্রকৃতি হল:

- জনসংখ্যা শিক্ষা একটি সাম্প্রতিক কালের শিক্ষণীয় বিষয়।
- জনসংখ্যা শিক্ষা একটি সমস্যামূলক শিক্ষণীয় বিষয়।

- জনসংখ্যা শিক্ষা একটি বহু বিষয় সমন্বয়ে গঠিত শিক্ষণীয় বিষয়।
- জনসংখ্যা শিক্ষা শুধু জ্ঞান অর্জনের বিষয় নয় এটি দৃষ্টিভঙ্গি গঠনেরও বিষয়।
- জনসংখ্যা শিক্ষা একটি মূল্যবোধ বিচার বিশ্লেষণের বিষয়।

জনসংখ্যা শিক্ষা যেহেতু একটি সাম্প্রতিক কালের শিক্ষণীয় বিষয়। এটির পরিসরের বিস্তৃতিও সাধারণ শিক্ষা বিষয় অপেক্ষা অনেক অনেক বেশি। নিচে জনসংখ্যা শিক্ষার পরিসরের কিছু দিক উপস্থাপন করা হল:

- জনসংখ্যা শিক্ষার লক্ষ্যদল আবাল বৃদ্ধবণিতা।
- জনসংখ্যা শিক্ষার অওতাভূক্ত সম্ভাব্য বিষয়গুলো হল: অর্থনীতি, পৌরনীতি, স্বাস্থ্য, বিজ্ঞান, পরিবেশ সংরক্ষণ, প্রশাসন, জনসেবা, জনমিতি, ধাত্রীবিদ্যা, চিকিৎসা, মাতৃমঙ্গল ইত্যাদি বিষয়ের সংশ্লিষ্ট অংশ।
- জনসংখ্যা শিক্ষার কেন্দ্রীয় বিষয় হল মানুষ। এজন্য জনসংখ্যা শিক্ষার পরিসর মানুষের বিস্তৃত কর্মময় জীবনের দীর্ঘ পথ পর্যন্ত প্রসারিত।
- জনসংখ্যা শিক্ষার ক্ষেত্র- অতীত, বর্তমান ও ভবিষ্যৎ অবস্থার বস্তুনিষ্ঠ বিশ্লেষণ ধর্মী চিত্র।

**জনসংখ্যা শিক্ষার প্রয়োজনীয়তা**

জনসংখ্যা শিক্ষার প্রয়োজনীয়তা বহুবিদ। প্রাথমিক স্তরে এবং প্রাথমিক স্তরের শিক্ষক প্রশিক্ষণের ক্ষেত্রে জনসংখ্যা শিক্ষার প্রয়োজনীয়তার প্রধান প্রধান দিক উপস্থাপন করা হল:

- জনসংখ্যা শিক্ষার মাধ্যমে কোন দেশ বা অঞ্চলের জনসংখ্যার অতীত, বর্তমান, ভবিষ্যৎ গতি প্রকৃতি জানা যায়।
- জনসংখ্যার শিক্ষার মাধ্যমে কোন দেশ বা এলাকার জনসংখ্যা হ্রাস-বৃদ্ধির কারণ জানা যায়। এছাড়া জনসংখ্যা হ্রাস-বৃদ্ধির ভূখণ্ডগত কারণ জানা যায়।
- জনসংখ্যা শিক্ষার মাধ্যমে কোন দেশ বা অঞ্চলের জনগণের জীবনযাত্রার মান সম্বন্ধে জানা যায়।
- জনসংখ্যা শিক্ষার মাধ্যমে জনমিতিক ধারণাগুলো সম্বন্ধে জানা এবং এগুলো প্রয়োগ করার প্রয়োজনীয় বহু তথ্য উদ্ভাবন করা যায় যা সে দেশে উন্নয়ন পরিকল্পনা প্রণয়নে সুদূর প্রসারি কার্যক্রম ও সিদ্ধান্ত গ্রহণে সহায়ক হয়।
- জনসংখ্যা শিক্ষার মাধ্যমে দ্রুত জনসংখ্যা বৃদ্ধির ভয়াবহ পরিণাম সম্বন্ধে লক্ষ্য দলকে সচেতন করা যায়।
- জনসংখ্যা শিক্ষার মাধ্যমে জনসংখ্যা বৃদ্ধি রোধের উপায় জানা যায় এবং সে সম্পর্কে জনগণকে অবহিত করে জনসংখ্যা বিষয়ক সমস্যা মোকাবেলা করা যায়।

## পাঠোত্তর মূল্যায়ন- ১

### অ) বহু নির্বাচনী প্রশ্ন

সঠিক উত্তর নির্দেশমূলক অক্ষরটিকে বৃত্তায়িত করুন। (উদাহরণ: আপনার নির্বাচিত উত্তরটি ক হলে এক (ক) বৃত্তায়িত করুন)।

১. জনসংখ্যা শিক্ষার লক্ষ্যদল কোনটি?
   ক. প্রজননক্ষম নারী পুরুষ
   খ. প্রাথমিক বিদ্যালয়ের শিক্ষার্থী ও শিক্ষক
   গ. বৃদ্ধ নারী পুরুষ
   ঘ. আবাল বৃদ্ধবণিতা।

২. জনসংখ্যা শিক্ষার লক্ষ্য কয়টি?
   ক. ২টি
   খ. ৩টি
   গ. ৪টি
   ঘ. ৫টি।

### আ) সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন

১. জনসংখ্যা শিক্ষা কাকে বলে?
২. জনসংখ্যা শিক্ষার উদ্দেশ্য কি কি?
৩. জনসংখ্যা শিক্ষার প্রকৃতি সংক্ষেপে লিখুন।
৪. জনসংখ্যা শিক্ষার ২টি পরিসর উল্লেখ করুন।
৫. কোনটি জনসংখ্যা শিক্ষার গুরুত্বপূর্ণ প্রয়োজনীয়তা?

## সঠিক উত্তর

অ) ১। ঘ ২। ক।


পাঠ ২

# প্রাথমিক স্তরের বিভিন্ন শ্রেণির জনসংখ্যা শিক্ষার বিষয়বস্তু ও পাঠদান কৌশল

## উদ্দেশ্য

এই পাঠ শেষে আপনি–

- প্রথম ও দ্বিতীয় শ্রেণির জনসংখ্যা শিক্ষার বিষয়বস্তুর পরিচিতি ব্যাখ্যা করতে পারবেন;
- প্রথম ও দ্বিতীয় শ্রেণির জনসংখ্যা শিক্ষার বিষয়বস্তু পাঠদান পদ্ধতির বিবরণ দিতে পারবেন;
- তৃতীয় থেকে পঞ্চম শ্রেণি পর্যন্ত পরিবেশ পরিচিতি বিজ্ঞানে অন্তর্ভুক্ত বিষয়বস্তু আলোচনা করতে পারবেন এবং
- জনসংখ্যা শিক্ষার বিষয়বস্তু পাঠদানের আধুনিক পদ্ধতিগুলো সংক্ষেপে বিবৃত করতে পারবেন।



**প্রথম ও দ্বিতীয় শ্রেণির জনসংখ্যা শিক্ষার বিষয়বস্তু**

বিশ্বের বিভিন্ন দেশে জনসংখ্যা শিক্ষা প্রায় দেড় যুগ আগ থেকে চালু আছে। কিন্তু বাংলাদেশের প্রাথমিক স্তরের বিশেষত: প্রথম ও দ্বিতীয় শ্রেণির জনসংখ্যা শিক্ষার বিষয়বস্তু, উপস্থাপন কৌশল এবং পাঠ দান পদ্ধতিতে অভিনব প্রক্রিয়া ও সমীক্ষার মাধ্যমে জনসংখ্যা শিক্ষার মৌলিক ধারণাগুলো অতি সহজভাবে এই দুই শ্রেণির শিক্ষার্থীর কাছে তুলে ধরা হয়েছে।

বর্তমান বিশ্বে অধিকাংশ দেশেই প্রথম ও দ্বিতীয় শ্রেণিতে আনুষ্ঠানিকভাবে জনসংখ্যা শিক্ষার অন্তর্ভুক্ত নয়। কিন্তু বাংলাদেশের প্রাথমিক স্তরের অধিকাংশ শিক্ষার্থীই ১ম - ৩য় শ্রেণিতে শিক্ষাকালে ঝরে পড়ে। এই শিক্ষার্থীরা ঝরে পড়ার পূর্বে যাতে ধারণা লাভ করতে পারে তৎজন্য স্যাটেলাইট স্কুল সমীক্ষার মাধ্যমে ১ম ও ২য় শ্রেণির শিক্ষার্থীর জন্য প্রথমে জনসংখ্যার বিষয়বস্তু চিহ্নিতকরণ অতঃপর সমীক্ষার মাধ্যমে চূড়ান্তকরণ এবং বিষয়বস্তু কোন মাধ্যমে উপস্থাপন করা হবে তা চূড়ান্তকরণ এসব ধাপের ভেতর দিয়ে একটি ‘ছবির বই’ উদ্ভাবন করা হয়েছে। জনসংখ্যা শিক্ষার যে সব বিষয়বস্তুকে কেন্দ্র করে ছবির বই উদ্ভাবন করা হয়েছে সেগুলোই হল ১ম ও ২য় শ্রেণির জনসংখ্যা শিক্ষার বিষয়বস্তু। নিচে এগুলো বিবৃত করা হল:

- কম ও বেশি লোকের ভিড়
- ছোট পরিবারের সুবিধা (খাদ্য, বাসস্থান, বস্ত্র ইত্যাদি)
- বড় পরিবারের অসুবিধা (খাদ্য, বাসস্থান, বস্ত্র ইত্যাদি)
- যানবাহনের ভিড়
- অধিক জনসংখ্যা ও পানীয় জল
- অধিক জনসংখ্যা ও গাছপালা
- গ্রামে কাজের অভাবে লোকজন বাহিরমুখী

- বাহিরে কর্মের জন্য ভিড়
- বাল্যবিবাহ
- মেয়েরা ছেলের মত কাজ করতে পারে ইত্যাদি।

**প্রথম ও দ্বিতীয় শ্রেণীর জনসংখ্যা শিক্ষাদান পদ্ধতি**

স্যাটেলাইট সমীক্ষার মাধ্যমে উদ্ভাবিত ছবির বইটি মুদ্রণ করে দেশের সকল প্রাথমিক বিদ্যালয়ে সরবরাহ করা হয়েছে। এই ছবির বই কিভাবে ব্যবহারে করবেন তৎজন্য একটি নির্দেশিত ছবির বই সঙ্গে দেওয়া হয়েছে।

ছবির বইটি শ্রেণিকক্ষে ঝুলিয়ে/টাঙ্গিয়ে পাশাপাশি দুই পৃষ্ঠার ছবিগুলোর প্রতি শিশুদের মনোযোগ আকর্ষণ করে ছবির মূল বিষয়ের দিকে অগ্রসর হবেন। শিক্ষক কিন্তু অন্যান্য বিষয়ের মত পাঠ দেবেন না। শিশুকে ছবি বুঝতে ইঙ্গিত দেবেন মাত্র। যেমন- ১ম ও ২য় ছবির প্রতি শিশুর মনোযোগ আকর্ষণ করে জিজ্ঞেস করবেন (২য় ছবির পড়ে যাওয়া শিশুটিকে দেখিয়ে) শিশুটি কি করছে? কেন কাঁদছে? শিশুর উত্তরের ভিত্তি করে পাঠের মূল বিষয় বের করতে ও বুঝতে ইঙ্গিত দেবেন ব্যর্থ হলে এগিয়ে নিয়ে যাবেন।

এ জন্য ছবির বই পাঠদানের পূর্বে শিক্ষক/শিক্ষিকাকে ছবির বই ব্যবহারের নির্দেশিকা দেখে নিলে পাঠদান কার্যকর ও উদ্দেশ্যভিত্তিক হবে।

**জনসংখ্যা শিক্ষার বিভিন্ন শ্রেণীর বিষয়বস্তু**

১৯৭৬ সালের জনসংখ্যা শিক্ষা কার্যক্রমে চতুর্থ শ্রেণি থেকে জনসংখ্যা শিক্ষার বিষয়বস্তু অন্তর্ভুক্ত করা হয়েছিল। বর্তমান জনসংখ্যা শিক্ষা প্রাতিষ্ঠানিকীকরণ প্রকল্পের ১ম থেকে - ১০ম শ্রেণি পর্যন্ত জনসংখ্যা শিক্ষার পরিমার্জিত বিষয়বস্তু অন্তর্ভুক্ত করা হয়েছে। নিচে কেবল পরিবেশ পরিচিতি বিজ্ঞান ৩য় - ৫ম শ্রেণির বিষয়বস্তু ধারাবাহিকভাবে উপস্থাপন করা হল:

**তৃতীয় শ্রেণী**

- জনসংখ্যা ও বায়ু দূষণ– বাড়তি জনসংখ্যার দরুণ বায়ু দূষণের বিভিন্ন দিক।
- বায়ু দূষণের কারণসমূহ ও তাদের ক্ষতিকর দিক।
- বায়ু দূষণমুক্ত রাখার উপায়।
- পরিবারের লোকসংখ্যা ও পরিবেশ।
- বেশি সংখ্যক ছাত্রের শ্রেণিকক্ষের পরিবেশ।

**চতুর্থ শ্রেণী**

- জনসংখ্যা ও মাটির ক্ষয়।
- গাছপালা নিধন ও মাটিক্ষয়ের প্রকৃতি।
- দেশের জনসংখ্যা: আদম শুমারি ও প্রয়োজনীয়তা।
- জনমিতির ধারণা: জনসংখ্যার ঘনত্ব, মাথাপিছু আয় ও মাথপিছু ভূমি।
- জনসংখ্যা বৃদ্ধি ও বিদ্যালয়ের উপর তার প্রভাব।

**পঞ্চম শ্রেণী**

- প্রাণী, উদ্ভিদ ও পরিবেশের মধ্যে পরস্পর নির্ভরশীলতা।
- পরিবেশ ও জনসংখ্যার সম্পর্ক।
- পরিবেশ দূষণ: পানি, বায়ু, মাটি।
- পরিবেশ দূষণের কারণ।
- জনসংখ্যা ও পরিবেশ সংরক্ষণ।
- জনসংখ্যা - আদম শুমারি।

- জনসংখ্যার ঘনত্ব নিরূপণ।
- মথাপিছু আয় নিরূপণ।
- মাথাপিছু ভূমি নিরূপণ।

**জনসংখ্যা শিক্ষার বিষয়বস্তু পাঠদানের আধুনিক পদ্ধতি**

পূর্বেই বলা হয়েছে যে, জনসংখ্যা শিক্ষা কেবল জ্ঞান অর্জনের শিক্ষণীয় বিষয় নয়। এটি জ্ঞান অর্জনের সঙ্গে সঙ্গে দৃষ্টিভঙ্গি অর্জনেরও বিষয়। আর এগুলোর সমন্বয়ের চূড়ান্ত উৎপাদন হল মূল্যবোধ যা দীর্ঘ সময়ে গড়ে ওঠে।

**জনসংখ্যা শিক্ষার বৈশিষ্ট্য**

- বহু বিষয়ের সমন্বয়ে জনসংখ্যা শিক্ষার বিষয়বস্তু গঠিত। অর্থাৎ এটি একটি Interdisciplinary বিষয়। পাঠ্যপুস্তকে বিষয়বস্তুর পরিবেশন এবং শ্রেণিতে বিষয়বস্তু উপস্থাপনে এর Interdisciplinary চরিত্রের প্রতি খেয়াল রাখতে হবে। এছাড়া জনসংখ্যা শিক্ষা হল একটি সমস্যা কেন্দ্রিক বহুমাত্রিক বিষয় সম্মিলন তা স্মরণ রেখে পাঠ উপস্থাপন করতে হবে।
- জনসংখ্যা শিক্ষার মাধ্যমে শিক্ষার্থীকে জনসংখ্যার অপরিকল্পিত ও দ্রুত বৃদ্ধির ফলে উদ্ভুত পরিস্থিতি বিচার বিশ্লেষণ করার দক্ষতা, দৃষ্টিভঙ্গির পরিবর্তন এবং এ সম্পর্কে মূল্যবোধ গড়ে তোলার কাজে সহায়তা করা পাঠদানের অন্যতম উদ্দেশ্য। এ দুটি দিক সমন্ধে সজাগ থেকে জনসংখ্যা শিক্ষার বিষয়বস্তু পঠন-পাঠনের যথাযথ পদ্ধতি নিরূপণ, উদ্ভাবন ও প্রয়োগ করতে হবে।
- অন্যান্য বিষয়ের মত জনসংখ্যা শিক্ষা বিষয়ক পাঠেও জ্ঞান, অনুভূতি ও আচরণম  লক উপাদান উপস্থিত। পাঠদান পদ্ধতি নির্বাচনের সময় এ দিকটিও মনে রাখতে হবে।

জনসংখ্যা শিক্ষার বিষয়বস্তু পাঠদানে যে কটি পদ্ধতিকে অধিক ফলপ্রসূ বলে চিহ্নিত করা হয়েছে সেগুলো হল:

- সমস্যা সমাধান পদ্ধতি
- অনুসন্ধান পদ্ধতি ও
- মূল্যবোধ বিশ্লেষণ পদ্ধতি।

### সমস্যা সমাধান পদ্ধতি

পর্যবেক্ষণ ও পরীক্ষণের মাধ্যমে কোন নির্দিষ্ট উদ্দেশ্যকে কেন্দ্র করে ধারাবাহিক প্রক্রিয়া অনুসরণে কোন কাজ করাকে বলা হয সমস্যা সমাধান পদ্ধতি। সমাধান পদ্ধতি আবার বৈজ্ঞানিক পদ্ধতি নামেও পরিচিত। কারণ এ পদ্ধতিতে একটি সুনির্দিষ্ট সমস্যা চিহ্নিত করে তা সমাধানের জন্য ধারাবাহিকভাবে প্রচেষ্টা চালানো হয়।

### সমস্যা সমাধান পদ্ধতির ধাপগুলো হল:

- কোন একটি সুনির্দিষ্ট সমস্যা সনাক্তকরণ।
- সমস্যা সম্পর্কে পর্যাপ্ত তথ্য সংগ্রহ ও বিশ্লেষণ করা।

- সংগৃহীত তথ্য বিশ্লেষণের ভিত্তিতে প্রাথমিক ফলাফল নিরূপণ করা।
- পুনঃ পুনঃ পর্যবেক্ষণ বা পরীক্ষণের মাধ্যমে ফলাফল যাচাইয়ের মাধ্যমে চূড়ান্ত ফলাফল প্রকাশ করা

জনসংখ্যা শিক্ষা বিষয়ক বিভিন্ন শ্রেণির পাঠ্য বিষয়বস্তু যেমন- জনসংখ্যা বৃদ্ধি ও পরিবেশ দূষণ, দ্রুত জনসংখ্যা বৃদ্ধি ও কর্মসংস্থানের অভাব, জনসংখ্যা বৃদ্ধি ও যানবাহনে অধিক লোকের ভীড় ইত্যাদি সমস্যা নিয়ে উপরোক্ত ধাপ অনুসরণে শিক্ষার্থীদের সহায়তায় সমস্যা সমাধান পদ্ধতিতে পাঠদান করা যায়।

কারণ আমরা জানি যে, জনসংখ্যা একটি সমস্যা কেন্দ্রিক বিষয়। সেজন্য এ বিষয়ে স্পষ্ট ধারণা দানের জন্য এ পদ্ধতিতে পাঠদান করা উচিৎ।

## অনুসন্ধান পদ্ধতি

যে পদ্ধতিতে কোন ঘটনা বা পরিস্থিতি সৃষ্টি হওয়ার পিছনে কি কি কারণ রয়েছে তা সনাক্ত করে, এর কারণগুলো এ ঘটনা বা পরিস্থিতি সৃষ্টির কার্যকারণ কি না তা অনুসন্ধান করে সমাধান বের করতে প্রচেষ্টা চালানো হয় তাকে অনুসন্ধান পদ্ধতি বলে।

আমরা জানি যে, জনসংখ্যা শিক্ষা একটি সমস্যা কেন্দ্রিক শিক্ষণীয় বিষয়। দ্রুত জনসংখ্যা বৃদ্ধির ফলে পরিবার, সমাজ ও দেশে যে সব সমস্যা দেখা দেয় তা অনুসন্ধানের মাধ্যমে যাচাই করে সম্ভাব্য সমাধান বের করতে শিক্ষার্থীদের উদ্বুদ্ধ করার জন্য এ পদ্ধতি প্রয়োগ করা হয়।

অনুসন্ধান পদ্ধতিতে বিজ্ঞানের বিভিন্ন বিষয় অত্যন্ত স্বার্থকভাবে ব্যবহৃত হতে পারে। এছাড়া সমাজ বিজ্ঞানের অন্তর্গত জনসংখ্যা শিক্ষা, ভূগোল, সমাজ কল্যাণ ইত্যাদি বিষয়ও অনুসন্ধান পদ্ধতি প্রয়োগ করা যেতে পারে।

## মূল্যবোধ বিশ্লেষণ পদ্ধতি

মূল্যবোধ বিশ্লেষণ পদ্ধতির মাধ্যমে সমাজে প্রচলিত ভ্রান্ত ধারণা ও বিশ্বাসগুলো শিক্ষক নিরপেক্ষভাবে যুক্তি দিয়ে শিক্ষার্থীদেরকে বুঝিয়ে দেবেন। ফলে শিক্ষার্থীরা এগুলো পরিহার করতে শিখবে এবং বুঝবে যে এগুলো অসার।

এজন্য শিক্ষক শিক্ষার্থীদেরকে কয়েকটি দলে বিভক্ত করে প্রত্যেক দলকে সমস্যা সম্পর্কে বক্তব্য রাখতে বলবেন। শিক্ষার্থীরা পক্ষে ও বিপক্ষে অভিমত প্রকাশ করবে এবং শিক্ষক তাদেরকে গ্রহণযোগ্য সিদ্ধান্ত উপনীত হতে সহায়তা করবেন।

শিক্ষকবৃন্দের মনে রাখতে হবে যে, কোন একটি বিশেষ পদ্ধতি এককভাবে সকল পরিস্থিতিতে ফলপ্রসূ হতে নাও পারে। সুতরাং একাধিক পদ্ধতির সমন্বয়ে ফলপ্রসূ শিক্ষাদান সংগঠন ও পরিচালনা করতে হবে। বিশেষ বিশেষ পাঠের শিখনফল অর্জনের জন্য যে পদ্ধতিতে পাঠ উপস্থাপন করলে ইপ্সিত ফল পাওয়া যাবে তাই প্রয়োগ করতে হবে বিচক্ষণতার সাথে।

## পাঠোত্তর মূল্যায়ন- ২

### অ) বহু নির্বাচনী প্রশ্ন

সঠিক উত্তর নির্দেশমূলক অক্ষরটিকে বৃত্তায়িত করুন। (উদাহরণ: আপনার নির্বাচিত উত্তরটি ক হলে এক (ক) বৃত্তায়িত করুন)।

১. কোন কোন শ্রেণির জনসংখ্যা শিক্ষার বিষয়বস্তু স্যাটেলাইট স্কুল সমীক্ষার মাধ্যমে উদ্ভাবন করা হয়েছে?
   ক. ১ম ও ২য়
   খ. ২য় ও ৩য়
   গ. ৩য় ও ৪র্থ
   ঘ. ৪র্থ ও ৫ম।

২. কোনটি ৫ম শ্রেণির জনসংখ্যা শিক্ষার বিষয়বস্তু?
   ক. জনসংখ্যার ঘনত্ব নিরূপণ
   খ. জনসংখ্যার ঘনত্ব
   গ. জনসংখ্যা ও মাটিক্ষয়
   ঘ. মাথাপিছু ভূমি।

৩. জনসংখ্যা শিক্ষার বিষয়বস্তু পাঠদানের কোন দুইটির উপর খেয়াল রাখা দরকার?
   ক. সমস্যা চিহ্নিতকরণ ও সমাধান
   খ. দৃষ্টিভঙ্গি ও মূল্যবোধ বিকাশ
   গ. বিশ্লেষণ করার ক্ষমতা ও দৃষ্টিভঙ্গি পরিবর্তন
   ঘ. জ্ঞান ও দৃষ্টিভঙ্গি।

### আ) সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন

১. প্রথম ও দ্বিতীয় শ্রেণির জনসংখ্যার বিষয়বস্তু কোন কৌশলে উদ্ভাবন করা হয়েছে?
২. তৃতীয় ও চতুর্থ শ্রেণির জনসংখ্যার বিষয়বস্তুর পার্থক্য কি কি?
৩. জনসংখ্যা শিক্ষার বিষয়বস্তুর প্রকৃতি কিরূপ?
৪. মূল্যবোধ বিশ্লেষণ পদ্ধতির বৈশিষ্ট্য কি কি?

## সঠিক উত্তর

অ) ১। ক, ২। ক, ৩। গ।


**পাঠ ৩**

# জনসংখ্যা শিক্ষার সহায়ক শিখন সামগ্রীর পরিচিতি ও ব্যবহার

## উদ্দেশ্য

এই পাঠ শেষে আপনি—

- জনসংখ্যা শিক্ষার সহায়ক শিখন সামগ্রীগুলোর নাম বলতে পারবেন;
- জনসংখ্যা শিক্ষার সহায়ক শিখন সামগ্রীগুলোর পরিচিতি ধারাবাহিকভাবে বর্ণনা করতে পারবেন এবং
- জনসংখ্যা শিক্ষার সহায়ক শিখন সামগ্রীর ব্যবহারের উপকারিতা লক্ষ্যদলকে বুঝিয়ে দিতে পারবেন।



**জনসংখ্যা শিক্ষার সহায়ক শিখন সামগ্রীর নাম**

জনসংখ্যা শিক্ষার বর্তমান প্রাতিষ্ঠানিকীকরণ প্রকল্পের আওতায় শিক্ষাক্রম পরিমার্জনের সঙ্গে সঙ্গে অন্যান্য সহায়ক শিখন সামগ্রী প্রণয়নের প্রয়োজনীয়তা এবং কোনটিতে কোন ধরনের বিষয়বস্তু থাকবে এবং এগুলো কি কি কাজে লাগবে তার একটি বিশদ কর্ম পরিকল্পনা গ্রহণ করা হয়। প্রকল্পের আর্থিক যোগান, জনবল, প্রাপ্ত সুযোগ সুবিধা ইত্যাদি বিবেচনা করে নিম্নোক্ত সহায়ক শিখন সামগ্রী প্রণয়নের সিদ্ধান্ত গ্রহণ করা হয়:

- জনসংখ্যা শিক্ষা বিষয়ক প্রশিক্ষণ নির্দেশিকা।
- জনসংখ্যা শিক্ষা বিষয়ক সাধারণ বিজ্ঞান শিক্ষক নির্দেশিকা।
- জনসংখ্যা শিক্ষা বিষয়ক সমাজ বিজ্ঞান শিক্ষক নির্দেশিকা।
- প্রশিক্ষণ ও শিক্ষক নির্দেশিকা বিষয়ক প্রাথমিক স্তরের জনসংখ্যা শিক্ষা।
- জনসংখ্যা শিক্ষা বিষয়ক স্ব-শিখন মড্যুল।
- জনসংখ্যা শিক্ষার সম্পূরক শিখন সামগ্রী (জাগরণ)।
- জনসংখ্যা শিক্ষার উদ্বুদ্ধকরণ সামগ্রী (অপুরণন)।
- ছবির বই (জনসংখ্যা শিক্ষা ১ম ও ২য় শ্রেণীর জন্য)।
- ছবির চার্ট (জনসংখ্যা শিক্ষা বিষয়ক শিক্ষা উপকরণ)।
- প্রশ্ন পুস্তিকা (প্রাথমিক স্তর)।
- প্রশ্ন পুস্তিকা (মাধ্যমিক স্তর)।

**জনসংখ্যা শিক্ষা বিষয়ক সহায়ক শিখন সামগ্রী পরিচিতি**

উপরে বর্ণিত জনসংখ্যা শিক্ষা বিষয়ক শিখনগুলোর পরিচিতি নিচে অতি সংক্ষেপে বর্ণনা করা হল:

(ক) প্রশিক্ষণ নির্দেশিকা, জনসংখ্যা শিক্ষার সাধারণ বিজ্ঞান ও সমাজবিজ্ঞান নির্দেশিকা মাধ্যমেক স্তরের সামাজিক বিজ্ঞান ও সাধারণ বিজ্ঞান পাঠ্য পুস্তকে (৬ষ্ঠ – ১০ম শ্রেণি) অন্তর্ভুক্ত জনসংখ্যা শিক্ষার বিষয়বস্তুর পরিচিতি এবং বিষয়বস্তুর কতটুকু

একটি পিরিয়ডে কিভাবে পাঠদান ও মূল্যায়ন করবেন তার বিশদ বিবরণ দেওয়া হয়েছে।

(খ) প্রশিক্ষণ ও শিক্ষক নির্দেশিকা প্রাথমিক স্তর– এতে শিক্ষাক্রম পরিমার্জন, পরিমার্জিত বিষয়বস্তু, পরিবেশ পরিচিতি বিজ্ঞান ও পরিবেশ পরিচিতি সমাজের কতটুকু কোন পিরিয়ডে কিভাবে পড়াবেন এবং পাঠের অগ্রগতি কোন কৌশলে যাচাই করবেন তার নির্দেশনা রয়েছে।

(গ) স্বশিখন মড্যুল– প্রাথমিক ও মাধ্যমিক স্তরের প্রধান প্রধান ধারণা সম্বন্ধে শ্রেণি শিক্ষকের জ্ঞানের পরিধি ও শ্রেণি পাঠদানের দক্ষতা বাড়ানোর জন্য প্রণয়ন করা হয়েছে।

(ঘ) জনসংখ্যা শিক্ষা বিষয়ক সম্পূরক শিখন সামগ্রী 'জাগরণ'– জনসংখ্যা শিক্ষা বিষয়ে আমাদের দেশে বিশেষ করে শিক্ষকের নাগালে পুস্তকের সংখ্যা অতীব নগন্য। শিক্ষকের জ্ঞানের সীমা বৃদ্ধির জন্য কিছু জনসংখ্যা শিক্ষা বিষয়ক তথা আনন্দ পাঠের মাধ্যমে অতিরিক্ত আরও কিছু জানার মোট সহায়ক মাধ্যম হিসেবে 'জাগরণ' পুস্তক করা হয়েছে।

(ঙ) জনসংখ্যা শিক্ষা বিষয়ক উদ্বুদ্ধকরণ শিখন সামগ্রী 'অপুরণন'– এর মাধ্যমে প্রাথমিক, মাধ্যমিক স্তরের শিক্ষক, প্রশিক্ষক, সুপারভাইজার শিক্ষা সচেতন অভিভাবক ও উপরের শ্রেণি শিক্ষার্থীকে জনসংখ্যা শিক্ষায় দীর্ঘ মেয়াদী প্রেষণা সৃষ্টির জন্য বিভিন্ন জীবনালক্ষ্যের মাধ্যমে এতদ্বিষয়ে প্রেরণা সৃষ্টির জন্য রচনা করা হয়েছে।

(চ) ছবির বই ও ছবির বই ব্যবহারের নির্দেশিকা– প্রথম ও দ্বিতীয় শ্রেণিতে জনসংখ্যা শিক্ষার ধারণা দানের জন্য ছবির বইটি এতদ্বাঞ্চলিক দেশের মধ্যে বাংলাদেশেই প্রথম। তাছাড়া এটি একটি বৈজ্ঞানিক সমীক্ষার মাধ্যমে উদ্ভাবিত হয়েছে। প্রথম ও দ্বিতীয় শ্রেণির শিশুদের মধ্যে জনসংখ্যা সম্বন্ধে সচেতনতা জাগানোর জন্য প্রস্তুত করা হয়েছে। ছবির বইটি কার্যকর ব্যবহারের সহায়তা দানের জন্য নির্দেশিকা প্রণয়ন করা হয়েছে।

(ছ) ছবির চার্ট (শিক্ষা উপকরণ)– পূর্বেই উল্লেখ করা হয়েছে যে, জনসংখ্যা শিক্ষা বিষয়টি একটি বহু বিষয়ে সমন্বিত বিষয়, সমস্যা কেন্দ্রিক বিষয়ক এবং বহুমাত্রিক (জ্ঞান দক্ষতা দৃষ্টিভঙ্গি) বিষয়। প্রাথমিক ও মাধ্যমিক স্তরে মূলতঃ কেন্দ্রীয় বিষয় একই কিন্তু তার ট্রিটমেন্ট ভিন্ন। এই মূল দর্শনটি সামনে রেখে **১১**টি চার্টের সহায়তায় শ্রেণি পাঠ আয়োজিত করলে জনসংখ্যা শিক্ষার বহুমাত্রিকতা শিক্ষার্থীরা বুঝতে পারবে। এছাড়া এ চার্ট প্রাথমিক ও মাধ্যমিক স্তরের ব্যবহার করার উদ্দেশ্যেই প্রণয়ন করা হয়েছে।

(জ) প্রশ্ন পুস্তিকা– জনসংখ্যা শিক্ষা বিষয়ক অধ্যায় থেকে বিভিন্ন ধরনের প্রশ্ন সম্বলিত একটি প্রশ্ন পুস্তিকা প্রণয়ন করা হয়েছে। এসব প্রশ্নের মধ্যে নৈর্ব্যক্তিক প্রশ্নের মধ্যে রয়েছে শূন্যস্থান পূরণ, মিলকরণ ও বহুনির্বাচনী প্রশ্ন এবং রচনাধর্মী প্রশ্নের রয়েছে সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন এবং বর্ণনাম লক প্রশ্ন। শিক্ষকের কার্যভার লাঘব তথা উদ্দেশ্যভিত্তিক প্রশ্ন প্রণয়ন একটি দক্ষ কুশলীর কাজ। অনেক সময় আমাদের শিক্ষকবৃন্দের আন্তরিক ইচ্ছা থাকা সত্বেও দক্ষতার অভাবে উদ্দেশ্য ভিত্তি প্রণয়ন করা তাঁদের পক্ষে সম্ভব হয় না- ইত্যাদি বাস্তব অবস্থা বিবেচনা করে প্রশ্ন পুস্তিকা প্রণয়ন করা হয়েছে।

**জনসংখ্যা শিক্ষা বিষয়ক সহায়ক শিখন সামগ্রী ব্যবহারের উপকারিতা**

প্রশিক্ষণ নির্দেশিকা, শিক্ষক নির্দেশিকা সমাজ এবং শিক্ষক নির্দেশিকা সাধারণ বিজ্ঞান মাধ্যমিক স্তরের শিক্ষক ও প্রশিক্ষকবৃন্দের ব্যবহারের জন্য প্রণীত হয়েছে।

প্রশিক্ষণ ও শিক্ষক নির্দেশিকা প্রাথমিক পর্যায়ে প্রশিক্ষক ও শিক্ষকবৃন্দের প্রশিক্ষণদানের ও ব্যবহারের জন্য রচনা করা হয়েছে।

স্ব-শিক্ষণ মড্যুল মাধ্যমিক ও প্রাথমিক স্তরের শিক্ষকবৃন্দের জনসংখ্যা শিক্ষা বিষয়ে শিক্ষাদানের দক্ষতা বৃদ্ধির জন্য রচিত হয়েছে।

চার্ট (শিক্ষা উপকরণ) শ্রেণি পাঠদান আকর্ষণীয় কার্যকর এবং সহজে বিষয়বস্তু শিক্ষার্থীর কাছে উপস্থাপনের জন্য রচনা করা হয়েছে।

প্রশ্ন পুস্তিকা প্রাথমিক ও মাধ্যমিক স্তরের জনসংখ্যা শিক্ষা বিষয়ে শিক্ষার্থীর শিখন অগ্রগতি পরিমাপে ব্যবহারের উদ্দেশ্যে রচিত।

ছবির বই প্রথম ও দ্বিতীয় শ্রেণির জনসংখ্যা শিক্ষার পাঠ্য পুস্তক হিসেবে ব্যবহারের উদ্দেশ্যে রচিত হয়েছে।

## পাঠোত্তর মূল্যায়ন- ৩

### অ) বহু নির্বাচনী প্রশ্ন

সঠিক উত্তর নির্দেশমূলক অক্ষরটিকে বৃত্তায়িত করুন। (উদাহরণ: আপনার নির্বাচিত উত্তরটি ক হলে এক (ক) বৃত্তায়িত করুন)।

১. কোনটি উদ্বুদ্ধকরণ শিখন সামগ্রী?
ক. প্রশিক্ষণ নির্দেশিকা
খ. স্ব-শিখন মড্যুল
গ. অপুরণন
ঘ. জাগরণ।

২. কোনটি প্রাথমিক ও মাধ্যমিক স্তরের শিক্ষা উপকরণ?
ক. চার্ট
খ. মড্যুল
গ. জাগরণ
ঘ. অপুরণন।

### আ) সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন

১. মাধ্যমিক স্তরের জনসংখ্যা শিক্ষা বিষয়ক প্রশিক্ষণ সামগ্রীগুলোর নাম লিখুন।
২. জনসংখ্যা শিক্ষা বিষয়ক ছবির বই পাঠদান কি?
৩. প্রশ্ন পুস্তিকা কোন কাজে শিক্ষকবৃন্দ সহায়তা প্রদান করতে পারবে তা লিখুন।

## সঠিক উত্তর

অ) ১। গ, ২। ক।

## চূড়ান্ত মূল্যায়ন

## অ) বহু নির্বাচনী প্রশ্ন

সঠিক উত্তর নির্দেশমূলক অক্ষরটিকে বৃত্তায়িত করুন। (উদাহরণ: আপনার নির্বাচিত উত্তরটি ক হলে এক (ক) বৃত্তায়িত করুন)।

১. জনসংখ্যা শিক্ষা কি ধরনের বিষয়?
   ক. পরীক্ষামূলক
   খ. সমস্যামূলক
   গ. দক্ষতা বিষয়ক
   ঘ. কেবল জ্ঞানের।

২. কোনটি জনসংখ্যা শিক্ষা পাঠদানের আধুনিক পদ্ধতি?
   ক. প্রশ্ন-উত্তর
   খ. পরীক্ষাগার
   গ. প্রদর্শনী
   ঘ. মূল্যবোধ বিশ্লেষণ।

৩. কোনটি প্রস্তুতকরণে দক্ষকর্ম কুশলীর দরকার হয়?
   ক. প্রশ্ন
   খ. মড্যুল
   গ. রচনা
   ঘ. প্রবন্ধ।

## আ) সংক্ষিপ্ত উত্তর প্রশ্ন

১. সম্পূরক ও উদ্বুদ্ধকরণ শিখন সামগ্রীর মধ্যে ভিত্তিগত পার্থক্য কি কি?
২. ছবির বই ও চার্ট এর মধ্যে তফাৎ কি কি?
৩. সমস্যা সমাধান পদ্ধতির বৈশিষ্ট্য কি?
৪. জনসংখ্যা শিক্ষা কাকে বলে?
৫. জনসংখ্যা শিক্ষার প্রকৃতি বর্ণনা করুন।

## ই) রচনামূলক প্রশ্ন

১. বাংলাদেশের জনসংখ্যা শিক্ষা প্রবর্তনের পটভূমি আলোচনা করুন।
২. জনসংখ্যা শিক্ষার প্রয়োজনীয়তা ব্যাখ্যা করুন।
৩. পঞ্চম শ্রেণি পরিবেশ পরিচিতি বিজ্ঞানের অন্তর্ভুক্ত জনসংখ্যা শিক্ষার বিষয়বস্তু বর্ণনা করুন।
৪. জনসংখ্যা শিক্ষার বৈশিষ্ট্য কি?

## সঠিক উত্তর

অ) ১। খ, ২। খ, ৩। ক।